দৈনিক খবর
তারিখ 30 NOV 1993
পৃষ্ঠা 2 কলাম 6

# সবার জন্য শিক্ষা কর্মসূচীকে সার্বিকভাবে সফল করার ক্ষেত্রে নৈশ বিদ্যালয়ের বিকল্প নেই

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ২৯শে নভেম্বর।– প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারুক বলেন, 'সবার জন্য শিক্ষা'– এই নীতির ওপর ভিত্তি করে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছে। তবে গৃহ পরিচারক–পরিচারিকার কাজ যারা করছে তাদের জন্য দিবাভাগে শিক্ষা গ্রহণের সুযোগ না থাকায় নৈশ বিদ্যালয়ের বিকল্প নেই। কেবি (কৃষি বিশ্ববিদ্যালয়) নৈশ বিদ্যালয়ের এই বর্ষ পূর্তি উৎসব এদিক থেকে অত্যন্ত তাৎপর্যমণ্ডিত। এ মহান উদ্যোগটি স্থায়ী করার ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের তরফ থেকে সব ধরনের সাহায্য–সহযোগিতা থাকবে।

তিনি সম্প্রতি কেবি সরকারী প্রাথমিক বিদ্যালয়স্থ কেবি নৈশ বিদ্যালয়ে এক আলোচনা সভা ও মিলাদ মাহফিলের প্রধান অতিথি হিসেবে ভাষণ দানকালে একথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর জেড এইচ ভূঞা।

শিশু–কিশোর কাউন্সিলের সভাপতি এবং কেবি নৈশ বিদ্যালয়ের পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটির সভাপতি প্রফেসর ডঃ মোশারফ হোসেইন মিঞার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর ডঃ রফিকুল ইসলাম সরকার, প্রফেসর ডঃ আব্দুল্লাহ আল মামুন, প্রফেসর এম শাহজাহান ও কেবি নৈশ বিদ্যালয়ের পাঠ দান কমিটির সভাপতি বদিউদ্দিন আহমেদ (সিমু)। অনুষ্ঠান উপস্থাপনা করেন শওকত আলী খান (রাসেল) খবর সংবাদ বিজ্ঞপ্তির।